

গোটা শিক্ষাব্যবস্থা ভেঙে নতুন কারিকুলাম প্রণয়ন করতে হবে

নিজস্ব
প্রতিবেদক

১২ সেপ্টেম্বর,
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



মিয়া গোলাম পরওয়ার

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, আধুনিক শিক্ষার নামে আজ জাতিকে দুই ভাগে বিভক্ত করা হয়েছে। শুধু এক জায়গায় মেরামত করে জাতির বিভাজন দূর করা যাবে না। ফলে জোড়াতালি দিয়ে শিক্ষানীতি

তৈরি করে তরুণ প্রজন্মের রক্তের ঋণ শোধ করা যাবে না। গোটা শিক্ষাব্যবস্থা ভেঙে নতুন কারিকুলাম প্রণয়ন করতে হবে।

গতকাল বুধবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন ঢাকা মহানগর দক্ষিণ আয়োজিত শিক্ষক সম্মেলনে মিয়া গোলাম পরওয়ার এসব কথা বলেন। তিনি বলেন, বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের মূল লক্ষ্য হলো সত্য সমাজ ও জাতিকে সর্বোচ্চ শিখরে পৌঁছানো। এখন ছাত্র ও শিক্ষার্থীর নৈতিকতা পরের কথা, শিক্ষকদের নৈতিকতা ধ্বংস হয়ে গেছে।

মিয়া গোলাম পরওয়ার বলেন, ‘দেশে এমন এক শাসন ছিল, যেখানে কথা বলা যাবে না, মিথ্যা মামলা করে।

এক কালো যুগ আমাদের ওপর চেপে বসেছিল।’ তিনি বলেন, ‘রাজনৈতিক এলোমেলো অবস্থাই আমাদের দেশ ও জাতিকে ধ্বংস করেছে। এই দেশ ও জাতিকে আদর্শের ভিত্তিতে ইসলামী মূল্যবোধের আলোকে দাঁড়াতে হবে। মাধ্যমিক, প্রাথমিক ও মাদরাসায় শিক্ষক ফেডারেশন অত্যন্ত জরুরি।

প্রাথমিক স্তরে ইসলামী শিক্ষা ব্যবস্থা গড়ে তুলেছিল আদর্শ শিক্ষক ফেডারেশন। নতুন প্রজন্মকে আদর্শ শিক্ষায় শিক্ষিত করা এবং জাতি গঠনও এই ফেডারেশনের লক্ষ্য।’

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও সাবেক এমপি মুজিবুর রহমান। আরো উপস্থিত ছিলেন জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল, কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি শফিকুল ইসলাম মাসুদ। সভাপতিত্ব করেন বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন ঢাকা মহানগরীর (দক্ষিণ) সভাপতি নূর নবী মানিক।